জেএসসি-জেডিসিতে থাকবে না কোনো গ্রেড, তবে পাসের সার্টিফিকেট দেওয়া হবে

চেম্বার ডেস্ক:: চলতি বছরও জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা হবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তবে পরীক্ষা না হলেও পাসের সার্টিফিকেট দেওয়া হবে। সেটি দিয়ে নবম শ্রেণিতে ভর্তি হতে হবে বলে আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ড সূত্রে জানা গেছে।

এ বিষয়ে আন্তঃশিক্ষা সমন্বয় বোর্ডের সভাপতি অধ্যাপক নেহাল আহমেদ বলেন, জেএসসি-জেডিসিতে পাবলিক পরীক্ষা নেওয়া না হলেও তাদের পাসের সার্টিফিকেট দেয়া হবে। সেই সার্টিফিকেট নিয়ে তারা নবম শ্রেণিতে ভর্তি হবে। সেখানে কোনো গ্রেড বা নম্বর থাকবে না, সেখানে শুধু পাস লেখা থাকবে।

তিনি বলেন, পরীক্ষা নেওয়ার আমাদের সকল প্রস্তুতি থাকলেও করোনা পরিস্থিতির কারণে দীর্ঘদিন শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় এ বছর জেএসসি-জেডিসি পরীক্ষা নেওয়া সম্ভব হয়নি। যেহেতু আগামী ১৪ নভেম্বর থেকে এসএসসি ও ২ ডিসেম্বর থেকে এইচএসসি পরীক্ষা শুরু হবে। সে কারণে এ বছর অষ্টম শ্রেণির পরীক্ষা নেওয়া সম্ভব হবে না। এসএসসি পরীক্ষার সকল প্রস্তুতি চূড়ান্ত পর্যায়ে। যথাসময়ে এ পরীক্ষা শুরু করা হবে বলেও জানান তিনি। করোনাভাইরাসের কারণে গত বছরও হয়নি জেএসসি ও জেডিসি। উভয় শ্রেণির শিক্ষার্থীদের দেওয়া হয় অটোপাস।

সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৫তম জন্মদিন উপলক্ষে গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ে বৃক্ষরোপণ শেষে শিক্ষামন্ত্রী বলেন, এ বছর জেএসসি পরীক্ষা নেওয়ার সুযোগ নেই। আমাদের প্রস্তুতি ছিল, কিন্তু যে সময় আছে তাতে মনে হয় না জেএসসি পরীক্ষা নেওয়ার সুযোগ পাবো।

শুধু জিপিএ-৫ এর পেছনে না ছুটে শিক্ষার্থীদের প্রকৃত জ্ঞান অর্জনের তাগিদ দেন শিক্ষামন্ত্রী। তিনি বলেন, প্রকৃত জ্ঞান অর্জন করতে হবে। দেশ ও সমাজের জন্য নিজেদের গড়ে তুলতে হবে। চতুর্থ শিল্প বিপ্লবের জন্য সবাইকে নিয়ে একযোগে কাজ করতে হবে।